Lens Asia

১৭ জানুয়ারী, ২০২৬

# তারেক রহমানের সঙ্গে ব্রিটিশ হাইকমিশনারের বৈঠক



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে ঢাকায় নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার সারাহ কুক সাক্ষাৎ করেছেন। রাজনৈতিক ও কূটনৈতিক সম্পর্কের প্রেক্ষাপটে এই বৈঠকটি গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে।

শনিবার (১৭ জানুয়ারি) সন্ধ্যায় রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারম্যানের কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত এই বৈঠকে দুই দেশের পারস্পরিক সম্পর্ক ও সমসাময়িক রাজনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়।

আলোচনায় সারাহ কুক বাংলাদেশে অবাধ, সুষ্ঠু, গ্রহণযোগ্য ও শান্তিপূর্ণ নির্বাচন আয়োজনের বিষয়ে যুক্তরাজ্যের দীর্ঘদিনের সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেন। তিনি বলেন, গণতান্ত্রিক প্রক্রিয়া শক্তিশালী করতে একটি অংশগ্রহণমূলক নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ। একই সঙ্গে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক ও সমবেদনা জানান।

এর আগে একই দিনে বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত নেপাল ও ভুটানের রাষ্ট্রদূতরা। এই সাক্ষাতে আঞ্চলিক সহযোগিতা ও পারস্পরিক সম্পর্ক জোরদারের বিভিন্ন দিক নিয়েও মতবিনিময় হয়।